দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

২০১৪ সালের মাস্টার্স ১ম পর্ব নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/mp এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

ফরম পূরণ সংক্রান্ত কোন প্রকার ত্রুটি হলে ই-মেইল করুন ঃ mpexam.nu@gmail.com (প্রয়োজনে)

* পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বে নিয়মিত ও অনিয়মিত ছাত্র-ছাত্রীকে অবশ্যই টিউটোরিয়াল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। টিউটোরিয়াল পরীক্ষা ব্যতিত কোন আবেদন ফরমে সুপারিশ না করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।
* নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড এবং প্রাইভেট ও প্রাইভেট শিক্ষার্থীদের মূল টোকেন দেখিয়ে স্ব স্ব বিভাগ হতে গ্রহণ করতে হবে।

ক্রঃ নং	জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	বিষয়ের নাম	জমাদানের সময়
১।	২৪.০৫.২০১৬ খ্রি.	নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য	সকল বিষয়	সকাল ১০ টা দুপুর ১টা পর্যন্ত
২।	২৫.০৫.২০১৬ খ্রি.	প্রাইভেট	বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সংস্কৃত, ইসলামী শিক্ষা	সকাল ১০ টা দুপুর ১টা পর্যন্ত
৩।	২৬.০৫.২০১৬ খ্রি.	প্রাইভেট	ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	সকাল ১০ টা দুপুর ১টা পর্যন্ত

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ঃ

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা = ৪৭৫/=
পদার্থ = ৬৮০/=, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত = ৬০৫/= টাকা
অকৃতকার্য পরীক্ষার্থীদের অনলাইনের আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য শুধুমাত্র মৌখিক হলে ৪৭৫/-, ব্যবহারিক হলে ৫২০/-, টিউটোরিয়াল হলে ৫৫০/- টাকা
অকৃতকার্য পরীক্ষার্থীদের অনলাইনের আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য শুধুমাত্র মৌখিক না থাকলে ৪০০/-

১। **আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ**

ক) ২০১২-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০১৪ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র-ছাত্রী ২০১৩ সালের আবেদন ফরম পূরণ করেনি তাদেরকে পুনঃভর্তি হয়ে পরীক্ষার আবেদন ফরমের সাথে সেমিনার ফিস বাদে পুনর্ভর্তি ফিস ১৬২০/= টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

গ) ২০১২ ও ২০১৩ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৩ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০১৪ সালের প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) শুধুমাত্র ২০১৩ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৪ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৩ সালের ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল পরীক্ষার নম্বর বহাল থাকবে। এধরণের পরীক্ষার্থী ২০১৩ সালের পরীক্ষায় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু ঐ পত্র গুলিতে অংশগ্রহণ করতে পারবে। ২০১২ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কারো কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পূর্বেই জাতীয় বিশ্ববিদ্যালয় হতে জেনে নিতে হবে। ২০১২ সালের পরীক্ষার্থীরা সকল পত্রে অংশগ্রহণ করবে এখানে উল্লেখ্য যে, ২০১২ সালের যে সকল পরীক্ষার্থী ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে। তবে ৪০% নম্বর কম থাকলে ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২। বিভাগীয় প্রধানগনকে জানাচ্ছি যে, পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদালয়ের ওয়েব সাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable List এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.nubd.info/mp হতে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ডাটা এন্ট্রির করার পর ১কপি প্রিন্ট করে তাতে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে আগামী ০৫.০৬.২০১৬ খ্রি. তারিখ বিকেল ৪ ঘটিকার মধ্যে বিবরণী অনুযায়ী আবেদন ফরম সাজিয়ে কলেজ অফিসে জমা দিতে হবে।

৩। পাঠ্যসূচি ঃ ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী ২০১৪ সালের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪। **অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় ঃ**

ক) স্ব স্ব বিভাগের Probable List দেখে নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য, প্রাইভেট শিক্ষার্থীদের অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ (এক) কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

ঙ) অকৃতকার্য পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

চ) মাস্টার্স ১ম পর্বের কোন ছাত্র-ছাত্রীর নিকট লাইব্রেরির কোন বই পাওনা থাকলে বিষয়ওয়ারী তালিকা প্রস্তুত করে তা আগামী ২০.০৫.২০১৬ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে প্রদান করতে লাইব্রেরিয়ান- কে অনুরোধ বলা হল।

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা

এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।